



বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০২১-২০২২ অর্থ বছরের ০৬/০৯/২০২১ তারিখের ই-গর্ভন্যাস ও উদ্ভাবন কর্মপরিকল্পনার, ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোছাঃ আইরিন সুলতানা  
পরিচালক (উপসচিব)  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রংপুর।  
তারিখ : ০৬/০৯/২০২১  
সময় : ১২:০০ টায়  
স্থান : পরিচালক মহোদয় এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভার কার্যক্রম উপস্থাপনের জন্য উপপরিচালককে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক সভার কার্যক্রম উপস্থাপন করেন।

আলোচনা:

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড রংপুর এর উপপরিচালক, ই-গর্ভন্যাস ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ - ০১টি সেবা সহজিকরন এর বিষয়ে বিষদ আলোচনা করেন। আলোচনান্তে একটি সেবা সহজিকরন গ্রহণের /চিহ্নিত করনের বিষয়ে সকল সদস্য একমত হন। এপিএ ২০২১-২০২২ এর সংযোজনী ৫ এর ৩.১ ই-গর্ভন্যাস ও একটি সেবা সহজিকরন কর্মপরিকল্পনা দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে পরিচালক মহোদয় ই-গর্ভন্যাস ও সেবা সহজিকরন বিষয়ে প্রশিক্ষণ ও সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত:

১. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয় রংপুর এর ০১টি সেবা সহজিকরন তথা বিশেষ চিকিৎসা সাহায্যের বাছাই কমিটির সভা শেষে ছক আকারে { (i) ক্রমিক নং (ii) আবেদনকারীর নাম (iii) ডাইরি নং (iv) আবেদনের বর্তমান প্রক্রিয়া/ অবস্থা (v) মন্তব্য } ওয়েবপোর্টালে আপলোড করা এবং একইভাবে বরাদ্দ কমিটির সভাশেষে সিদ্ধান্ত সমূহ যথাসময়ে ওয়েবপোর্টালে আপলোড করা। আপলোড করণের মাধ্যমে আবেদনকারী ঘরে বসেই (কোথাও ফোন বা অন্যভাবে যোগাযোগ না করেই) তার আবেদনের সর্বশেষ অবস্থা জানতে পারবেন।


২. ২০২১-২০২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. ২০২১-২০২২ অর্থ বছরের প্রণীত কর্মপরিকল্পনা অর্জনের লক্ষ্যে সকল কর্মকর্তা ও কর্মচারীদের সম্মিলিত প্রচেষ্টায় দাপ্তরিক কার্যক্রম যথাসময়ে পরিচালনা / নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে:

অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।




(মোছাঃ আইরিন সুলতানা)  
পরিচালক(উপসচিব)  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
বিভাগীয় কার্যালয়, রংপুর।  
ফোনঃ ০৫২১-৫৫৭৫২

০৫-৮১-৮৫০০-০০১-০১-১৫৫-১৯-৭৭৫/৪

তারিখঃ ০৬/০৯/২০২১

অনুলিপিঃ(সদয় অবগতি ও জ্ঞাতার্থে)

- ০১। মহাপরিচালক (সরকারের সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রংপুর (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



(এ কে আজাদ আল শামস)  
উপপরিচালক